# ইনোভেশন বিষয়ক
# বাৎসরিক প্রতিবেদন


২০১৭-১৮

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ-২২০১
ওয়েবসাইটঃ **www.fri.gov.bd**
ই-মেইলঃ **info@fri.gov.bd**

ইনোভেশন বা প্রবর্তন বলতে সেবার মানোন্নয়ন নিশ্চিতকল্পে আরও দক্ষতার সাথে কাজ করাকে বুঝায় যার মাধ্যমে পদ্ধতিগত জটিলতা কমবে, সেবার মানোন্নয়ন ঘটবে, কর্মচারীদের সম্পৃক্ততা বাড়বে ও সর্বোপরি জনগণের জন্য তা অধিক ফলপ্রসু হবে। সরকারী কর্মচারীদের মেধা, প্রজ্ঞা ও উদ্ভাবনী ক্ষমতাকে ব্যবহার করে বর্তমান সরকার জনগণের দোরগোড়ায় সেবা সহজে পৌঁছে দেয়ার লক্ষ্যে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করছে। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ক্রমাগত এ লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

## ১. উদ্ভাবনের ক্ষেত্রঃ সেবা প্রক্রিয়া সহজীকরণ

১.১ নাগরিক সেবার সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ ও হালনাগাদকরণঃ নাগরিক সেবার সকল তথ্য যথা উদ্ভাবিত প্রযুক্তি, প্রকাশনা, উন্নয়ন প্রকল্প, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন কর্ণারসহ হালনাগাদ তথ্য নিয়মিত ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.fri.gov.bd) প্রকাশ ও হালনাগাদ করা হয়।




চিত্রঃ হালনাগাদকৃত ইনস্টিটিউটের ওয়েবসাইট (www.fri.gov.bd)

১.২ প্রশিক্ষণের জন্য অন-লাইন ভিত্তিক সফটওয়্যার তৈরী ও হালনাগাদকরণঃ বর্তমানে ইনস্টিটিউটের সদর দপ্তরে সকল প্রশিক্ষণ অন-লাইন সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন হয়। উক্ত সফটওয়্যারের মাধ্যমে প্রশিক্ষণার্থীর রেজিস্ট্রেশন ও প্রতিবেদনসহ প্রশিক্ষণ সর্ম্পকিত সকল কাজ সম্পন্ন করা হয়।




চিত্রঃ ইনস্টিটিউট কর্তৃক প্রস্তুতকৃত প্রশিক্ষণ সফটওয়্যার


১.৩ ”বিএফআরআই ইন কাপ্তাই লেক ইনফো” নামে মোবাইল এ্যাপস তৈরীঃ ”বিএফআরআই ইন কাপ্তাই লেক ইনফো” নামে মোবাইল এ্যাপস তৈরী করে ফিল্ড ভেলিডেশন রিপোর্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত মোবাইল এ্যাপসের মাধ্যমে হ্রদের মৎস্য জীববৈচিত্র, মৎস্য উৎপাদন, সহনশীল ব্যবস্থাপনা কৌশল, মৎস্য সম্পদ ও মাছের রোগ প্রতিকারের বিষয়ে জানা যাবে।




ছবিঃ ”BFRI in Captai Lake Info” মোবাইল এ্যাপস


## ২. দাপ্তরিক আভ্যন্তরীণ কর্ম প্রক্রিয়ার উন্নয়ন

২.১ ইনস্টিটিউটের কর্মকর্তা/ কর্মচারীদের সিপিএফ হিসাব সহজীকরণের জন্য সফটওয়্যার তৈরী ও হালনাগাদকরণঃ ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারীদের সিপিএফ হিসাব সহজীকরণের জন্য একটি Custounized software Develop করা হয়েছে যার মাধ্যমে ইনস্টিটিউটের সকল কেন্দ্র ও উপকেন্দ্রে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সিপিএফ হিসাব দ্রুততম সময়ে, নির্ভুলভাবে এবং সহজে হালনাগাদ করা যায়।




ছবিঃ সিপিএফ হিসাব সহজীকরণ সফটওয়্যার

২.২	ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য পিডিএস সফটওয়্যারের মাধ্যমে হালনাগাদকরণঃ বর্তমানে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) কর্তৃক বাস্তবায়িত পিডিএস সফটওয়্যার ব্যবহার করে ইনস্টিটিউটের পার্সোনাল ডাটা সিট (পিডিএস) হালনাগাদ করা হয়।




চিত্রঃ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) কর্তৃক বাস্তবায়িত পিডিএস সফটওয়্যার


২.৩	আইসিটি শাখার পদ সৃজনের ব্যবস্থাকরণঃ আইসিটি শাখার জন্য ৪টি পদ সৃজন করা হয়েছে। দাপ্তরিক প্রক্রিয়া চূড়ান্ত হলে নিয়োগ সম্পন্ন কর করা হবে।

২.৪	ইনস্টিটিউটের নেটওয়ার্ক ব্যাকবোন ও তরঙ্গ ব্যবস্থা উন্নীতকরণঃ ইনস্টিটিউটের নেটওয়ার্ক ব্যাকবোন হিসাবে লোকাল এরিয়া নেটওয়ার্ক সুবিন্যস্ত করা হয়েছে এবং ইন্টারনেট তরঙ্গ ১৫এমবিপিএস থেকে ৩০(ত্রিশ) এমবিপিএস এ উন্নীত করা হয়েছে।

২.৫	প্রশিক্ষণ কার্যক্রমে আইসিটি ও ইনোভেশন বিষয় অর্ন্তভুক্তিকরণঃ ইনস্টিটিউটের প্রশিক্ষণ কার্যক্রমে আইসিটি ও ইনোভেশন বিষয় অর্ন্তভুক্ত করা হয়েছে।


## ৩.	পার্টনারশীপ ও নেটওয়ার্কিং

৩.১	ইনস্টিটিউটের সদরদপ্তরসহ এর আওতাধীন সকল কেন্দ্র ও উপকেন্দ্রে ই-ফাইলিং ব্যবস্থা বাস্তবায়নঃ ইনস্টিটিউটের সদরদপ্তরে ই-ফাইলিং ব্যবস্থা বাস্তবায়ন করা হয়েছে এবং সারাদেশে ই-ফাইলিং সিষ্টেমে সর্বোচ্চ ১০(দশম) স্থান অর্জন করেছিল। বর্তমানে সকল কেন্দ্রে ই-ফাইলিং ব্যবস্থা বাস্তবায়ন প্রক্রিয়াধীন আছে।



চিত্রঃ ই-ফাইলিং সিষ্টেম বাস্তবায়ন ইন বিএফআরআই

৩.২ ইনস্টিটিউটের সদরদপ্তরসহ এর আওতাধীন সকল কেন্দ্র ও উপকেন্দ্রে ই-জিপি ক্রয় কার্যক্রম ব্যবস্থা বাস্তবায়নঃ ২০১৭-১৮ অর্থ বছরে ইনস্টিটিউটের সকল কেন্দ্র, উপকেন্দ্র ও প্রকল্পের ক্রয় প্রক্রিয়া শতভাগ ই-জিপির মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।




চিত্রঃ ইনস্টিটিউটের সদরদপ্তরসহ এর আওতাধীন সকল কেন্দ্র ও উপকেন্দ্রে ই-জিপি ক্রয় কার্যক্রম

## ৪. পুরষ্কার প্রদান

৪.১ উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য কেন্দ্র ও উপকেন্দ্র পর্যায়ের কর্মকর্তাকে প্রণোদনা প্রদানঃ ইনস্টিটিউটের নদী উপকেন্দ্র, রাঙ্গামাটি প্রধান জনাব আবুল বাশারকে "বিএফআরআই ইন কাপ্তাই লেক ইনফো" মোবাইল এ্যাপস ইনোভেশন উদ্যোগের জন্য প্রণোদনা প্রদান করা হয়।




চিত্রঃ ইনস্টিটিউটের নদী উপকেন্দ্র, রাঙ্গামাটি প্রধান জনাব আবুল বাশারকে প্রণোদনা হিসাবে ক্রেষ্ট প্রদান

৪.২ কেন্দ্র ও উপকেন্দ্র পর্যায়ের উদ্ভাবকদের সাথে যোগাযোগের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করাঃ স্যোশাল মিডিয়া ফেসবুক এ “BFRI১৯৮৪” নামে এ ১টি গ্রুপ খুলে ইনস্টিটিউটের সদরদপ্তরসহ সকল কেন্দ্র ও উপকেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের অর্ন্তভুক্তির মাধ্যমে বিএফআরআই এর কর্মকান্ড জনগণের সামনে তুলে ধরা হচ্ছে।




চিত্রঃ ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত বার্ষিক গবেষণা অগ্রগতি (২০১৭-১৮) ও গবেষণা প্রস্তাবনা (২০১৮-১৯) প্রণয়ন শীর্ষক কর্মশালা